

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাস-দাসীর সাথে ব্যবহার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পারিশ্রমিক আত্মসাৎ না করা

খবরদার কাজ করিয়ে কারো বেতন, পরিশ্রম করিয়ে কারো পারিশ্রমিক, ভাড়া খাটিয়ে কারো ভাড়া আত্মসাৎ করবেন না।

রাসুল (ﷺ) বলেন, "আল্লাহর নিকট সব চাইতে বড় পাপিষ্ঠ সেই ব্যক্তি, যে কোন মহিলাকে বিবাহ করে, অতঃপর তার নিকট থেকে মজা লুটে নিয়ে তাকে তালাক দেয় এবং তার মোহরও আত্মসাৎ করে। (দ্বিতীয় হল) সেই ব্যক্তি, যে কোন লোককে মজুর খাটায়, অতঃপর তার মজুরী আত্মসাৎ করে এবং (তৃতীয় হল) সেই ব্যক্তি, যে খামাকা পশু হত্যা করে।"[1]

রাহমাতুল লিল-আলামীন (ﷺ) বলেছেন, আল্লাহ তাআলা বলেন, "কিয়ামতের দিন আমি তিন ব্যক্তির প্রতিবাদী হব; তন্মধ্যে প্রথম হল সেই ব্যক্তি, যে আমার নামে কিছু দেওয়ার প্রতিশ্রুতি করল অতঃপর তা ভঙ্গ করল। দিতীয় হল সেই ব্যক্তি, যে কোন স্বাধীন ব্যক্তিকে বিক্রয় করে তার মূল্য ভক্ষণ করল। আর তৃতীয় হল সেই ব্যক্তি, যে কোন মজুর খাটিয়ে তার নিকট থেকে পুরোপুরি কাজ নিল অথচ সে তার মজুরী (পূর্ণরূপে) আদায় করল না।"[2]

ফুটনোট

- [1]. হাকেম, বাইহাকী, সহীহুল জা'মে হা/১৫৬৭
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/২২২৭,২২৭০

Source — https://www.hadithbd.com/books/link/?id=8082

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন